গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও,ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০৪.১১.২৭৫.১৫-৯৯৮

তারিখ: ১১ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

# নিয়োগ আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্মারক নং-৫২.০০.০০০০.১০৪.১১.২০৭.১৩(অংশ-১)-৭৬৫, তারিখ : ২৬-০২-২০১৫ এর নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে গৃহীত নিয়োগ কার্যক্রম এবং বিভাগীয় নির্বাচন কমিটি-৩ এর সুপারিশ মোতাবেক **কম্পোজিটর** পদে চূড়ান্তভাবে নির্বাচিত নিম্নে উল্লিখিত প্রার্থীদেরকে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর টাকা: ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) অনুযায়ী নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদানপূর্বক ৫ নং কলামে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো:

| ক্র: নং | রোল নম্বর | নাম/পিতা/মাতা | স্থায়ী ঠিকানা | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | ২৮০০২২ | মোঃ জাহিদুল হাসান<br>পিতা: মো: জাকির হোসেন<br>মাতা: হেনা বেগম | গ্রাম- শাহপুর, ডাকঘর-শাহপুর উপজেলা-নবীনগর, জেলা-ব্রাহ্মনবাড়িয়া | এফএ অ্যান্ড এমআইএস উইং (প্রকাশনা শাখা), বিবিএস, ঢাকা |
| ০২ | ২৮০০২৩ | ফারুক আহাম্মেদ<br>পিতা: মোঃ আবুল বাসার<br>মাতা: আমেনা বেগম | ফ্লাট নং-৩/এ,হোল্ডিং নং-১৯/ডি-৭, উত্তর টোলারবাগ, মিরপুর, ঢাকা | এফএ অ্যান্ড এমআইএস উইং (প্রকাশনা শাখা), বিবিএস, ঢাকা |
| ০৩ | ২৮০০১২ | নায়না সুলতানা<br>পিতা: কাজী নুরুল আলম<br>মাতা: নাজমা আক্তার | গ্রাম-পাইকপাড়া, ডাকঘর- খিলপাড়া উপজেলা-চাটখিল, জেলা-নোয়াখালী | এফএ অ্যান্ড এমআইএস উইং (প্রকাশনা শাখা), বিবিএস, ঢাকা |
| ০৪ | ২৮০০২৫ | মোঃ মাসুম বিল্লাহ<br>পিতা: মোঃ আব্দুল্লাহ ভূইয়া<br>মাতা: হামিদা বেগম | গ্রাম- গুড়িগ্রাম, ডাকঘর- বিটঘর উপজেলা-নবীনগর, জেলা-ব্রাহ্মনবাড়িয়া | এফএ অ্যান্ড এমআইএস উইং (প্রকাশনা শাখা), বিবিএস, ঢাকা |

**শর্তাবলী:**

(ক) চাকরিতে যোগদানপত্রের সাথে শারীরিক সুস্থতার স্বপক্ষে সিভিল সার্জন-এর নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে।

(খ) এই নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে প্রণীতব্য সকল বিধি/বিধান প্রযোজ্য হবে।

(গ) নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী চাকরিতে যোগদানের সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসহ সত্যায়িত ছায়ালিপি, বিজ্ঞাপনে বর্ণিত সকল কাগজপত্রের মূলকপি ও এক প্রস্থ ছায়ালিপি দাখিল করতে হবে। অন্যথায় তাঁর যোগদানপত্র গ্রহণ করা হবে না।

(ঘ) "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী চাকরিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসর পর্যন্ত শিক্ষানবীশকাল হিসাবে গণ্য হবে। শিক্ষানবীশকালে তার আচরণ চাকরি বিধিমালার পরিপন্থি হলে অথবা যথাযথ কর্তৃপক্ষের নিকট তাঁর কার্যকলাপ সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অব্যহতি দেয়া যাবে।

(ঙ) অন্য দপ্তর বা সংস্থায় কর্মরত ব্যক্তিকে যোগদানের সময় স্ব-স্ব সংস্থার ছাড়পত্র অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় তার যোগদানপত্র গ্রহণ করা হবে না।

(চ) নিয়োগ প্রাপ্তির পরেও প্রদত্ত কোন তথ্য অসত্য অথবা দূর্নীতি অথবা সমাজ ও রাষ্ট্রবিরোধী কার্যকলাপে জড়িত থাকলে অথবা প্রমাণিত হলে বা অন্যক্ষেত্রে যেমন- চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোন গুরুতর ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে বা অন্যকোন উপযুক্ত কারণে বা কর্তৃপক্ষের ভুল-ত্রুটির কারণে এ নিয়োগপত্র ইস্যু করা হলে অথবা আদালতের আদেশের কারণে নিয়োগ বাতিল করার প্রয়োজন হলে এ নিয়োগ বাতিল করা হবে।

(ছ) পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের/পুলিশ কর্তৃপক্ষের মাধ্যমে তার চরিত্র ও সংশ্লিষ্ট তথ্যাদি যাচাই করা হবে। উক্ত যাচাই পর্যায়ে অথবা অন্য কোন কারণে অনুপযুক্ত পাওয়া গেলে কোন কারণ দর্শানো ছাড়াই তার নিয়োগ বাতিল করা হবে।

(জ) চাকরিতে যোগদানের জন্য তাকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঝ) উল্লিখিত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৫-১০-২০১৯ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পদায়নকৃত উইংয়ের পরিচালকের মাধ্যমে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নয় মর্মে গণ্য করা হবে এবং তার নিয়োগপত্র বাতিল হবে।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

পরিচালকের দপ্তর
কম্পিউটার উইং, বিবিএস।

| | |
|---|---|
| যুগ্ম পরিচালক | |
| উপপরিচালক (প্রশাসন) | * জরূরী উপস্থাপন করুন |
| সিঃ সিঃ এনালিস্ট (ওয়েব পোর্টাল) | * ...............তারিখের মধ্যে উপস্থাপন করুন |
| সিঃ এনালিস্ট (জিওকোড) | * প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| সিঃ প্রোগ্রামার (মাইক্রোডাটা) | * আলোচনা করুন |
| সিঃ মেইনঃ ইঞ্জিঃ (মেইনটেন্যান্স) | * নথিজাত করুন। |
| প্রোগ্রামার (ডাটা প্রসেসিং) | |

ড. কৃষ্ণা গায়েন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৫৫০০৭০৫৬
ই-মেইলঃ dg@bbs.gov.bd

(চলমান পাতা-০২)

নং-৫২.০১.০০০০.১০৪.১১.২৭৫.১৫-৯৯৮

তারিখ: ১১ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
০২. জেলা প্রশাসক (সকল), -----------------------------------------------------------
০৩. সিভিল সার্জন (সকল), -----------------------------------------------------------
০৪. পরিচালক (সকল), -------------------------------------------------------------- উইং, বিবিএস, ঢাকা
০৫. পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
০৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
০৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা
০৮. উপপরিচালক (বিনিক/প্রশাসন/উন্নয়ন/প্রকাশনা), এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা
০৯. জনাব/বেগম ---------------------------------------------------------------------------------
১০. আয়ন-ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, ঢাকা
১১. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বিবিএস, ঢাকা
১২. উপমহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিবিএস, ঢাকা
১৩. ব্যক্তিগত নথি/গার্ড নথি/অফিস কপি

২৬.০৯.১৯

মোহাম্মদ আবদুল কাদির মিয়া
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৮১৮১৪২১